


স্মারক নং-স/প্রা/বি/ক/ট্রাস্ট-২০২৫- ১৭৫

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩১
২০ এপ্রিল ২০২৫

অফিস আদেশ

সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা, কাজের গতি ত্বরান্বিতকরণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে “শিক্ষক কল্যাণ ট্রাস্ট ম্যানেজমেন্ট সিস্টেম (TWTMS)” নামে একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে। সফটওয়্যারটি URL <http://twtns.dpe.gov.bd> এর মাধ্যমে লগইন করতে হবে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে শিক্ষকদের বার্ষিক চাঁদা আদায়, চিকিৎসা সহযোগিতা ও উচ্চশিক্ষা বৃত্তির আবেদন প্রদানসহ অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য ইতোমধ্যে মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাদের বিভাগ ভিত্তিক অবহিতকরণ zoom প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। সফটওয়্যারের সঠিক ব্যবহার, ট্রাস্ট আইন ২০২৩ সম্পর্কে অবহিতকরণ ও বার্ষিক চাঁদা আদায় নিশ্চিতকরণ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টের বার্ষিক চাঁদা বৃদ্ধি করে ২০২৩ সাল থেকে ২০০.০০ (দুই শত) টাকা নির্ধারণ করা হয়েছে।
- শিক্ষকগণ তাদের স্ব স্ব আইডি এর মাধ্যমে লগইন করে ২০২৩ সালের বার্ষিক চাঁদা ২০০.০০ (দুই শত) টাকা এবং এককালীন রেজিস্ট্রেশন ফি বাবদ ২০০.০০ (দুই শত) টাকাসহ মোট ৪০০.০০ (চার শত) টাকা (শুধুমাত্র ২০২৩ সালের জন্য প্রযোজ্য) জমা দিতে হবে।
- যে সকল উপজেলা/থানা ২০২৩ সালের চাঁদা ম্যানুয়ালি প্রেরণ করেছেন, তারা সফটওয়্যারের মাধ্যমে পুনরায় প্রেরণ করার প্রয়োজন নেই। তবে চাঁদা রেজিস্ট্রেশন ফি ২০০.০০ (দুই শত) টাকাসহ প্রদানকৃত শিক্ষকদের নামের তালিকা ও সংশ্লিষ্ট পত্রের কপি ট্রাস্ট অফিসে ৩০ জুন ২০২৫ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- শিক্ষকদের বার্ষিক চাঁদা ম্যানুয়ালি গ্রহণ করা হবে না।
- প্রতি বছর ৩০ জুন এর মধ্যে বার্ষিক চাঁদা প্রদান নিশ্চিত করতে হবে।
- “শিক্ষক কল্যাণ ট্রাস্টের সার্বিক কার্যক্রম এবং সফটওয়্যারের মাধ্যমে বার্ষিক চাঁদা প্রদান” বিষয়টি প্রধান শিক্ষকদের প্রত্যেক মাসিক সমন্বয় সভায় এজেভাভুক্ত করে আলোচনা করতে হবে।
- শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন ২০২৩ এবং সফটওয়্যার ব্যবহার বিষয়ে ট্রেনিং মডিউল অনুসরণপূর্বক লিফলেট প্রস্তুত করে পরবর্তী সাব ক্লাস্টার প্রশিক্ষণে সকল শিক্ষককে প্রশিক্ষিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ শেষে জেলা ভিত্তিক প্রতিবেদন ট্রাস্ট অফিসের kallantrust.1985@gmail.com এ মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- প্রতি বছর জানুয়ারি থেকে জুন মাসের মধ্যে চিকিৎসা সহযোগিতা ও উচ্চশিক্ষা বৃত্তির আবেদন করতে হবে।



আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

ও

চেয়ারম্যান, সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট।

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)।
- ০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা)।
- ০৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)।
- ০৪। ইনস্ট্রাকটর, ইউআরসি (সকল উপজেলা/থানা)।
- ০৫। উপজেলা/থানা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ০৬। সহকারি ইনস্ট্রাকটর, ইউআরসি (সকল উপজেলা/থানা)।
- ০৭। ট্রাস্টি বোর্ডের সম্মানিত সদস্য (সকল)।
- ০৭। অফিস নথি।